# 146747 - পাশ্চাত্যের দেশগুলোতে রিয়েল এস্টেট সেক্টরের এজেন্ট হিসেবে কাজ করার হুকুম

## প্রশ্ন

আমার হাজবেন্ড আমেরিকাতে রিয়েল এস্টেট সেক্টরের এজেন্ট হিসেবে চাকুরী করে। এই চাকুরী করা কি জায়েয?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

স্থাবর সম্পত্তি বেচাবিক্রি বা লিজ দেয়ার এজেন্ট হিসেবে চাকুরী করা এবং উভয় পক্ষ থেকে কিংবা এক পক্ষ থেকে পারিশ্রমিক গ্রহণ করার মূল বিধান বৈধতা; যদি না এতে কোন হারাম কিছুতে সাহায্য করা না থাকে। যেমন: কোন দোকান কেনা, বেচা বা ভাড়া দেয়ায় মধ্যস্থতা করা যা মদ বিক্রির জন্য, সুদের জন্য, জুয়ার জন্য, বাজনার ইনস্ট্রুমেন্টের জন্য কিংবা নাচগানের অনুশীলনের জন্য ইত্যাদি; যদি এজেন্ট জেনে থাকেন যে, এই লেনদেনের মাধ্যমে কি করা হবে; তাহলে সেটা হারাম। এ ধরণের কাজে পারিশ্রমিক নিয়ে কিংবা পারিশ্রমিক ছাড়া সহযোগিতা করা নাজায়েয। যেহেতু আল্লাহ্ তাআলা বলেন: "সৎকর্ম ও আল্লাহভীতিতে একে অন্যকে সাহায্য করো। পাপ ও সীমালঙ্ঘনের ব্যাপারে একে অন্যকে সহায়তা করো না।"[সূরা মায়িদা, আয়াত: ০২]

হারাম কাজে সাহায্যের মধ্যে অন্তর্ভুক্ত হবে: এমন কোন ব্যক্তিকে স্থাবর সম্পত্তির সন্ধান দেয়া যার ব্যাপারে এজেন্ট জানে যে, সে ব্যক্তি সুদী ব্যাংক বা অন্য কোন সুদী প্রতিষ্ঠানের সুদী কারবারে লিপ্ত হয়ে সেটি ক্রয় করবে। এ ধরণের সন্ধান দেয়ার মধ্যে তাকে হারাম কাজে অগ্রসর হতে সহযোগিতা করা হয়। আর যদি এজেন্ট এটি না জেনে থাকে তাহলে তাকে সন্ধান দিতে কোন আপত্তি নেই। অনুরূপভাবে কোন ব্যক্তি যদি পূর্বেই সূদী কারবারে জড়িত হয়ে অর্থ নিয়ে আসে তাহলে তাকেও জমির সন্ধান দিতে কোন আপত্তি নেই। কেননা যে ব্যক্তি সুদের মাধ্যমে ঋণ নিয়েছে তার জন্য এই অর্থ দিয়ে স্থাবর সম্পত্তি বা অন্য কিছু খরিদ করা জায়েয; সুদের গুনাহ তার প্রাপ্য। তাই কোন বৈধ বিষয়ে তাকে সহযোগিতা করতে আপত্তি নেই।

আল্লাহই সর্বজ্ঞ।